# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
www.sylhetboard.gov.bd
e-mail: chairmanbisesyl@gmail.com


স্মারক নং: ৩৭.১৪.৯১০০.৩০০.৫২.০০১.২২.২৩৩৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

**বিষয় ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের (২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে বিতরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| জেলার নাম | রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ |
|---|---|
| সুনামগঞ্জ | ১১-০৯-২০২২ খ্রি. |
| সিলেট | ১২-০৯-২০২২ খ্রি. |
| মৌলভীবাজার | ১৩-০৯-২০২২ খ্রি. |
| হবিগঞ্জ | ১৪-০৯-২০২২ খ্রি. |

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নির্ধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভুলভ্রান্তি থাকলে প্রয়োজনীয় প্রমাণকসহ যথাযথভাবে আবেদন আগামী ২৮-০৯-২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৩. অন্য শিক্ষা বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজি: কার্ড গ্রহণের জন্য পূর্বতন বোর্ড কর্তৃক ইস্যুকৃত রেজি: কার্ড অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।

৪. ভর্তি বাতিলকৃত কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তা আগামী ২৮-০৯-২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। কোনো ভাবেই ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না ।

৫. শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম সংশোধনের ক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ে সংশোধনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত ফরমে ২৮-০৯-২০২২ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৮/৯/২০২২


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
e-mail: bisecollegesection@gmail.com


০৮/০৯/২২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ভূক্ত সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো-

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।